

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
সেবা শাখা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৪১.২৬.০২৮.১৭-২৯৯


তারিখঃ ২৮ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ  
১২ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পত্রিকায় একটি নিলাম দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর পক্ষ থেকে পত্রিকায় জরুরী ভিত্তিতে প্রকাশের জন্য একটি নিলাম দরপত্র বিজ্ঞপ্তি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, সংযুক্ত দরপত্র বিজ্ঞপ্তিটি আগামী ১৫ জুলাই ২০২০ তারিখের মধ্যে আপনার পত্রিকায় ন্যূনতম আকারে আবশ্যিকভাবে প্রকাশ করে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রকাশিত পত্রিকার ৩টি কপিসহ বিল প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ দরপত্র বিজ্ঞপ্তি এর কপি।

  
১২/০৭/২০২০  
(মোঃ হুমায়ূন কবীর)  
সহকারী সচিব (সেবা)  
☎ : ৯৫৭৫৮০৭

বিতরণ (কার্যার্থে),

- ১। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[বিজ্ঞাপনটি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েব সাইটে প্রচার করার অনুরোধসহ]
- ২। বিজ্ঞাপন ম্যানেজার, দি ডেইলী অবজারভার, আজিজ ভবন (৩য় তলা), ৯৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ৩। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সমকাল, ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
সেবা শাখা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

“নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রশাসনিক কাজে ব্যবহৃত টিওএন্ডই ডুপ্লু পুরাতন অকেজো একটি মাইক্রোবাস যেখানে যে অবস্থায় আছে [টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, শহীদ তাজউদ্দিন আহমেদ সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮] ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলামকারীদের [ব্যক্তি/প্রতিষ্ঠান] নিকট হতে উদ্ধৃত দর (Quoted Rate)-এর ভিত্তিতে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ

|     |                                    |  |   |
|-----|------------------------------------|--|---|
| ১।  | লট নং- ০১.                         | (ক) রেজি নং ঢাকা-মেট্রো-৮-৫৩-৬১৮৩<br>(গ) গাড়ির ধরন - মাইক্রোবাস | (খ) নির্মাতাঃ মিতসুবিশি মোটর<br>(ঘ) প্রস্তুতকাল- ২০১১   |
| ২।  | নিলাম দরপত্র আহবান বিজ্ঞপ্তি নং-   | :  | ৫৭.০০.০০০০.০৪১.২৬.০২৮.১৭-২৯৯, তারিখ- ১২ জুলাই ২০২০  |
| ৩।  | জামানতের টাকা                      |  | উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ ভাগ) হারে।   |
| ৪।  | কার্য সম্পাদনের সময়               |  | কার্যাদেশ ইস্যুর তারিখ থেকে ৭(সাত) দিন।   |
| ৫।  | নিলাম দরপত্রের মূল্য               |  | ৫০০/- (পাঁচ শত) টাকা (নগদ অফেরতযোগ্য)   |
| ৬।  | নিলাম দরপত্র বিক্রয়ের শেষ তারিখ   |  | ০৪ আগস্ট ২০২০ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)  |
| ৭।  | নিলাম দরপত্র গ্রহণ / দাখিলের তারিখ |  | ০৫ আগস্ট ২০২০ (বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত)  |
| ৮।  | নিলাম দরপত্র খোলার তারিখ           |  | ০৫ আগস্ট ২০২০ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় সীলগালাকৃত অবস্থায় প্রাপ্ত সকল নিলাম দরপত্র সমূহ উপস্থিত নিলামকারীদের সম্মুখে খোলা হবে। |
| ৯।  | সিডিউল বিক্রয়ের স্থান             |  | সেবা শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়<br>কক্ষ নং- ৯১৩, পরিবহন পুল ভবন<br>সচিবালয় লিংক রোড, ঢাকা।      |
| ১০। | নিলাম দরপত্র গ্রহণের স্থান         |  | সেবা শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়<br>কক্ষ নং- ৯১৩, পরিবহন পুল ভবন<br>সচিবালয় লিংক রোড, ঢাকা।      |

শর্তাবলীঃ

- দরপত্রের সঙ্গে অবশ্যই জামানতের টাকা যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা -এর অনুকূলে দাখিল করতে হবে, জামানতের অর্থ ব্যতিত দাখিলকৃত নিলাম দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- দরপত্র সিডিউলে উল্লিখিত সকল শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- অনিবার্য কারণবশতঃ নিলাম দরপত্র দাখিলের দিন অফিস বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে একই স্থানে ও সময়ে নিলাম দরপত্র গ্রহণ ও খোলা হবে।
- দরপত্র সংক্রান্ত সকল বিষয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সেবা শাখা থেকে জানা যাবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র গ্রহণ অথবা সকল নিলাম দরপত্র বাতিল ঘোষণা করার অধিকার সংরক্ষণ করেন।

মোঃ হুমায়ূন কবীর  
সহকারী সচিব  
ফোন : ৯৫৭৫৮০৭